গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা

## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের নভেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মঈনউদ্দিন আহম্মেদ<br>মহাপরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৫ নভেম্বর, ২০২১ |
| সভার সময় | দুপুর ২:০০ টা |
| স্থান | সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতি, পরিচালক (অপারেশন ও সমন্বয়) কে কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ করেন।

সভার আলোচ্য সূচি:

(১) বিগত ২৫-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।

(২) বিগত ২৫-১০-২০২১ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের দ্বিমত না থাকায় কার্যবিবরণী নিশ্চিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| ভূবিজ্ঞান সংক্রান্ত | | | |

| | | | |
|---|---|---|---|
| ১। | ২০২১-২০২২ অর্থবছরের বহিরঙ্গান সম্পর্কিত আলোচনায় পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখাপ্রধান জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ এ্যাসেসমেন্ট শাখা এবং অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা হতে একটি করে মোট দুটি দল বর্তমানে বহিরঙ্গানে আছে। এছাড়া উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব এবং ভূ-বৈদ্যুতিক ও ভূ-কম্পন জরিপ শাখা দুটি হতে বহিরঙ্গানে গমনের অফিস আদেশ জারি হয়েছে। জনাব নিজাম উদ্দিন আহামদ, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, গত সমন্বয় সভায় বলা হয়েছিল জিডিএইচ-৭৬/২১ এর স্থান নির্বাচনের সময় ২টি স্থান নির্বাচন করা হয়েছিল কিন্তু প্রকৃতপক্ষে একটি স্থানের বিকল্প হিসেবে অন্য একটি স্থান নির্বাচন করা হয়েছিল। তিনি আরও বলেন বর্তমানে চলমান অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ এবং আগামী মাসে হতে যাওয়া ভূ-বৈদ্যুতিক ও ভূ-কম্পন জরিপ শেষ না হওয়া পর্যন্ত নতুন করে খনন স্থান নির্ধারণ সম্ভব নয়। জনাব আবদুল বাকী খান মজলিশ, উপমহাপরিচালক বিভাগ-২ বলেন যেহেতু এপিএ'তে খনন কার্যক্রম অন্তর্ভুক্ত আছে সেহেতু নতুন স্থান নির্ধারণ করা না গেলে পূর্ব নির্ধারিত স্থানেও খনন কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। অতঃপর জনাব মঈনউদ্দিন আহম্মেদ, মহাপরিচালক (চলতি দায়িত্ব) বলেন খননের জন্য নির্ধরিত সময় আসলে খনন কার্যক্রম সম্পর্কে আরও বিস্তারিত আলোচনা করা যেতে পারে। | পরিকল্পনা মোতাবেক ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক বহিরঙ্গান কর্মসূচি সম্পাদন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সকল শাখা |
| ২। | ২০২১-২০২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, প্রশিক্ষণসহ অন্যান্য ক্ষেত্রে ভাল অগ্রগতি হলেও অক্টোবর এর পূর্বে বহিরঙ্গান কার্যক্রম শুরু না হওয়ায় ভূ-বৈজ্ঞানিক ক্ষেত্রে এখন পর্যন্ত তেমন কোন অগ্রগতি হয়নি। বহিরঙ্গান কার্যক্রম ইতোমধ্যে শুরু হওয়ায় সামনে ভাল অগ্রগতি প্রত্যাশা করা যায়। তিনি আরও বলেন বহিরঙ্গান কার্যক্রম সময়মতো সম্পন্ন না হলে এপিএ বাস্তবায়নে সমস্যার সৃষ্টি হয়। জনাব আবদুল বাকী খান মজলিশ, উপমহাপরিচালক বিভাগ-২ বলেন কোনো শাখার বহিরঙ্গানের অফিস আদেশ জারি হলে মৌখিক কথায় কার্যক্রম পেছানো উচিত নয়। যদি যৌক্তিক কারণ থাকে তবে লিখিত আবেদনের প্রেক্ষিতে পেছানো যেতে পারে। | ক) এপিএ লক্ষমাত্রা অর্জনে এপিএ টিমসহ সংশ্লিষ্ট সকল কমিটিকে সমন্বিতভাবে কাজ করতে হবে। | এপিএ টিম |
| ৩। | ডিজিটাল ডাটা সংরক্ষণ এর উপর উপস্থাপনা সংক্রান্ত বিষয়ে জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, উপস্থাপনা প্রদানের জন্য ডাটা যে কম্পিউটারে রাখা আছে সে কম্পিউটারটি সচল করা যাচ্ছে না। কম্পিউটারটি সচল হলেই উপস্থাপনা প্রদান করা হবে। জনাব আবদুল বাকী খান মজলিশ, উপমহাপরিচালক বিভাগ-২ সম্ভাব্য উপযুক্ত সময়ে উপস্থাপনা দিতে এবং এ বিষয়টি সমন্বয় সভায় আর না রাখা মর্মে মতামত প্রদান করেন। | জিএটিসি, জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) এর ডিজিটাল ডাটা সংরক্ষণ উপর উপস্থাপনার ব্যবস্থা গ্রহণ করবে। | জিএটিসি ও জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) |

| | | | |
|---|---|---|---|
| ৪। | ভূ-বৈজ্ঞানিক শাখাগুলোর প্রতিবেদন জমাদান সংক্রান্ত আলোচনায় জনাব মঈনউদ্দিন আহম্মেদ, মহাপরিচালক (চলতি দায়িত্ব) পূর্ববর্তী সমন্বয় সভার ন্যায় প্রত্যেক শাখাপ্রধান কে আলাদা আলাদা ভাবে প্রতিবেদনের ব্যাপারে জিজ্ঞেস করেন। অধিকাংশ শাখা প্রধানগণ বলেন অনিষ্পন্ন প্রতিবেদনগুলোর কাজ প্রায় শেষের দিকে এবং অচীরেই সেগুলোর কাজ সম্পন্ন করে জমা প্রদান করা হবে। প্রতিবেদন প্রণয়নকালে কোন কর্মকর্তার শাখা পরিবর্তন হলে চলমান কাজের নিষ্পত্তির ব্যাপারে জনাব আবদুল বাকী খান মজলিশ, উপমহাপরিচালক বিভাগ-২ বলেন সংশ্লিষ্ট কর্মকর্তাকে তার পূর্বের দায়িত্ব সম্পন্ন করতে হবে। এ বিষয়ে জনাব আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন সেক্ষেত্রে বর্তমান এবং পুনঃবন্টকৃত উভয় শাখাপ্রধান কে এ ব্যাপারে সচেতন থাকতে হবে। আলোচনায় জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) খনন প্রতিবেদনের বিষয়বস্তু সম্পর্কে জানতে চাইলে জনাব মোঃ মহিরুল ইসলাম পরিচালক (খনন প্রকৌশল) জানান খনন শাখার প্রতিবেদনে মূলতঃ খনন প্রণালি, পেনিট্রেশন, মাড ইত্যাদি সম্পর্কিত বিষয়াদির বর্ণনা থাকে যা পরবর্তীতে খনন কার্যক্রম পরিচালনায় কাজে লাগে। | সকল শাখার অনিষ্পন্ন প্রতিবেদনের কাজ অতি দ্রুত শেষকরে প্রতিবেদন জমা দিতে হবে। | ক) সকল শাখা |
| | **প্রশাসনিক আলোচনা** | | |
| ১। | জিএসবির ঢাকার মিরপুরের জমির রেজিস্ট্রেশনের অগ্রগতি সম্পর্কে জনাব কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) জানান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের মাধ্যমে অর্থের প্রমাণপত্র সংগ্রহের জন্য সংশ্লিষ্ট অফিসগুলোতে চিঠি প্রেরণ করা হয়েছে। অর্থ জমাদানের প্রমাণপত্র আসলেই পরবর্তী কাজ শুরু করা হবে। সিলেট জেলার গোয়াইন ঘাটের জমির প্রমানকের বিষয়ে জনাব আবদুল বাকী খান মজলিশ, উপমহাপরিচালক বিভাগ-২ বলেন সাবেক মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মো: জিল্লুর রহমান চৌধুরী মহোদয়ের মাধ্যমে সিলেটের ডিসি মহোদয়ের সাথে যোগাযোগ করা হয়েছিল তবে তারা জমির কোনো তথ্য প্রদান করেছে কিনা এখনও জানা যায়নি। তিনি সর্বশেষ তথ্যের জন্য বর্তমান মহাপরিচালক কে সাবেক মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মো: জিল্লুর রহমান চৌধুরী মহোদয়ের সাথে যোগাযোগের পরামর্শ প্রদান করেন। | ক) জিএসবির ঢাকার মিরপুর, চট্টগ্রাম ও জিওলজিক্যাল হেরিটেজ হিসাবে ঘোষিত সিলেট জেলার গোয়াইন ঘাটের জমির রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অপারেশন ও সমন্বয় এবং জিওলজিক্যাল হেরিটেজ সংশ্লিষ্ট কমিটি |
| ২। | কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত বিষয়ে জনাব মো: কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, মতিঝিল গভঃ বয়েস স্কুলসহ ৬টি প্রতিষ্ঠানে আগামী ০৩/১২/২০২১ তারিখে অফিস সহায়ক পদের এবং ১০/১২/২০২১ তারিখে নিরাপত্তা প্রহরী ও ড্রাইভার পদের নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। তিনি বলেন ২০১৪ সালের নিয়োগ সংক্রান্ত মামলায় যে নিয়োগ প্রক্রিয়া আটকে ছিল তার শুনানি ২ ডিসেম্বর ২০২১ অনুষ্ঠিত হবে। আশাকরা যায় শীগ্রই নিয়োগ প্রক্রিয়ার জন্য মন্তণালয়ে চাহিত ৬৩ টি পদের মধ্যে ৬০ পদে নিয়োগের অনুমোদন পাওয়া যাবে। তিনি আরও বলেন কর্মকর্তাদের নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কামশনে যো্গাযোগ করে জানা যায় নিয়োগ পরীক্ষার লক্ষে প্রশ্নপত্র প্রণয়নের প্রক্রিয়া শুর করা হয়েছে। | ক) চলমান নিয়োগ প্রক্রিয়া অতি দুত সম্পন্ন করা।<br>খ) কর্মচারীদের সকল পদে যাতে নিয়োগ প্রদান করা যায় তার ব্যবস্থা গ্রহণ করা। | অপারেশন ও সমন্বয় |
| | **বিবিধ আলোচনা** | | |

| | | | |
|---|---|---|---|
| ১। | সেমিনার আয়োজন সংক্রান্ত বিষয়ে জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন ২০২১-২০২২ অর্থবছরে ২০ টি সেমিনার আয়োজনের কথা থাকলেও এখন পর্যন্ত মাত্র ৩টি সেমিনার আয়োজন করা হয়েছে। পূর্বে প্রি-ফিল্ড সেমিনার নিয়মিত হলেও সম্প্রতি এ ব্যাপারে অনেকের অনিহা দেখা যাচ্ছে। প্রি-ফিল্ড ও পোস্ট ফিল্ডসহ অন্যান্য সেমিনার আয়োজনের ব্যাপারে সকলের আন্তরিক হওয়া দরকার। জনাব মো: মিজানুর রহমান উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, অগ্নি নির্বাপণ সংক্রান্ত বিষয়ে একটি সেমিনার বা ট্রেনিং আয়োজন করা প্রয়োজন। জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) ভূমিধ্বস এবং ভূমিকম্প সম্পর্কে সচেতনতামূলক সেমিনার বা ট্রেনিং আয়োজনের ব্যাপারে মতামত ব্যক্ত করেন। তিনি বলেন যে, উল্লিখিত সেমিনারটি বিশেষ করে নন টেকনিক্যাল ও স্টাফদের জন্য আয়োজন করা যেতে পারে যাদের এ বিষয়ে জ্ঞান সীমিত। | প্রি-ফিল্ড ও পোস্ট ফিল্ড সেমিনারসহ অন্যান্য সেমিনারের আয়োজন করা। | প্রকাশনা ও প্রশিক্ষণসহ সকল শাখা। |
| ২ | জনাব নিজাম উদ্দিন আহামদ, পরিচালক (ভূ-পদার্থ) মুজিববর্ষ, বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র ৫০ বছর পুর্তি উদযাপন উপলক্ষে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ মহান বিজয় দিবসে আয়োজিত অনুষ্ঠানের কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করেন। জনাব মঈনউদ্দিন আহম্মেদ, মহাপরিচালক, আয়োজিতব্য সকল অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করার নিমিত্তে সংশ্লিষ্ট ব্যক্তিসহ সকলকে সার্বিক সহেযোগিতা করার জন্য নির্দেশনা প্রদান করেন। | মুজিববর্ষ, বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র ৫০ বছর পুর্তি উদযাপন উপলক্ষে আয়োজিত সকল অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করা। | মুজিববর্ষ, বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র ৫০ বছর পুর্তি উদযাপন উপকমিটি। |

মঈনউদ্দিন আহম্মেদ
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৫৬

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৮
১৪ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্দুত, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-১), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৩) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-২), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৪) জিএসবি'র শাখা প্রধানগণ।

৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব), অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা ও ফোকাল পয়েন্ট, আইসিটি ও ওয়েব টিম, জিএসবির ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৭) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

মোঃ কামরুল আহসান

পরিচালক (ভূতত্ত্ব)